করিয়া "সুর মানিক চর" নূতন নাম করণের প্রস্তাব ১৯৩৫ সনের সার্ভে সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১, ৩২২ ধারার বিধান মতে প্রস্তাবটি ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক সঠিকভাবে প্রেরিত হওয়ায় সরকার উক্ত মৌজার নূতন নামকরণে সদয় অনুমোদন দিয়াছেন।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আব্দুর রাজ্জাক
সহকারী সচিব।

শাখা নং ১০

বিজ্ঞপ্তি

তারিখ : ২৮শে ডিসেম্বর ১৯৯২

নং ভূঃমঃ/শা-১০/হুঃদঃ/জিএ-২৮/৮২/৮৪৯-এক্যুইন—কতিপয় জেলায় ভূমি হুকুম দখল কার্যক্রমের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (এল, এ) এর পদ রহিয়াছে বিবেচনায় সরকার বাংলাদেশ গেজেটের ১ম খন্ডে ১৮-১০-১৯৮৪ ইং তারিখের সংখ্যায় প্রকাশিত জেলা ভূমি বরাদ্দ কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি নং জিএ-২৮/৮২/৫৬২-এক্যুইন, তারিখ ২৬-৯-১৯৮৪ ইং এর নিম্নে উল্লেখিত মর্মে আংশিক সংশোধন করিলেন :—

"যে সকল জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (এল, এ) পদ রহিয়াছে সেই সকল জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর পরিবর্তে অতিরিক্ত জেলা প্রশাসক (এল, এ) জেলা ভূমি বরাদ্দ কমিটির সদস্য হিসাবে দায়িত্ব পালন করিবেন।"

রাষ্ট্রপতির আদেশক্রমে
আমিনুল ইসলাম
সচিব।

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক ও সড়ক পরিবহন বিভাগ

উন্নয়ন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৭ই পৌষ ১৩৯৯/২১শে ডিসেম্বর ১৯৯২

নং উন্নয়ন-১/বিবিধ-৮/৮৭-৭৪৮—সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বর্তমান ক্রয় কমিটিকে আরো গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হইল :—

চেয়ারম্যান

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), সড়ক ও সেতু ঢাকা।

সদস্যবৃন্দ

২। সংশ্লিষ্ট (জোনের) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেকানিক্যাল উইং), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৪। পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৫। ঊর্ধ্বতন অর্থনীতিবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

৬। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) বা সমপর্যায়ের একজন প্রতিনিধি।

সদস্য সচিব

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং ও ইভ্যালুয়েশন সার্কেল, সড়ক ও সেতু জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।

২। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের পরামর্শক ও ঠিকাদার (আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে নিয়োজিতব্য) নির্বাচনের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বি, আর, টি, সি (BRTC) এবং বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের একজন করিয়া বিশেষজ্ঞ সদস্য আবশ্যকভাবে কো-অপ্ট করিবেন। বিশেষজ্ঞ সদস্যগণকে প্রচলিত বিধি মোতাবেক প্রয়োজনীয় সম্মানী প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

৪। এতদসংগে অত্র বিভাগের ০২-১১-৯১ ইং তারিখের প্রজ্ঞাপন নং উন্নয়ন-১/বিবিধ-৮/৮৭-৫৮৯ বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ ফারুক আলম
সহকারী সচিব।

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই ডিসেম্বর ১৯৯২

নং শিম/শাঃ ৫/নিয়োগ-৯/৯২/৪৬৪—দি ইস্ট পাকিস্তান টেকনিক্যাল এডুকেশন এ্যাক্ট, ১৯৬৭ এর ১০(১) ধারার ক্ষমতাবলে উক্ত এ্যাক্টের ৪(১) ধারা মোতাবেক অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং শিবি/কাশি/বিবিধ-২৯/৯১/৫৬০, তারিখ ৩১-১২-১৯৯১ এর মাধ্যমে ৪ জন শিক্ষানুরাগী ব্যক্তিকে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের সদস্য নিয়োগ করা হয়। কিন্তু উক্ত প্রজ্ঞাপনের মাধ্যমে নিয়োগকৃত ৩ নং ক্রমিকের জনাব আবদুস সাত্তার আকস্মিকভাবে ৬-১-১৯৯২ তারিখে মৃত্যুবরণ করায় উক্ত শূন্যপদে সরকার উল্লিখিত ধারা অনুসরণে ও অবশিষ্ট সময়কালের জন্য কারিগরী শিক্ষা অধিদপ্তরের প্রাক্তন পরিচালক জনাব মোঃ শাহজাহানকে শিক্ষানুরাগী সদস্য, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, মনোনয়ন করিতে সরকার সম্মত হইয়াছেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ আবু রাশেদ খান
সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ই ডিসেম্বর ১৯৯২

নং শা-৬/১/৮৯/৪৬৯-শিক্ষা—২৬-৮-৯২ ইং তারিখে অনুষ্ঠিত পথকলি ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক "পথকলি ট্রাস্ট" এর নাম পরিবর্তন করিয়া "শিশু কল্যাণ ট্রাস্ট" নামকরণ করা হইল।

২। "শিশু কল্যাণ ট্রাস্ট" নামকরণের ফলে "পথকলি ট্রাস্ট" সংক্রান্ত পূর্বতন সিদ্ধান্ত নং শা-৯/৯-১/৮৯/৮৭৪-শিক্ষা, তারিখ ১৩ই নভেম্বর, ১৯৮৯ (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৬ই নভেম্বর, ১৯৮৯ ইং তারিখে প্রকাশিত) এর বিভিন্ন অনুচ্ছেদে নাম পরিবর্তন সংক্রান্ত বিধান সংশোধিত বলিয়া পরিগণিত হইবে।

৩। এই সিদ্ধান্ত ২২শে ভাদ্র, ১৩৯৯/৬ই সেপ্টেম্বর, ১৯৯২ ইং হইতে কার্যকর হইবে।

নং শিম/শা১৬/অডি-৪/৯২/৫০৬-শিক্ষা—বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে গৃহীত ১৯৯২ ইং সালের দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশে নম্বরে গরমিল এবং বোর্ডের দুর্নীতি ও জালিয়াতি সম্পর্কে বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত অভিযোগ সম্পর্কে তদন্ত করিয়া একটি প্রতিবেদন পেশ করিবার জন্য নিম্নে বর্ণিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হইল :—

১। জনাব আহমদ হোসেন, প্রাক্তন অতিরিক্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়। ... চেয়ারম্যান

২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (তাঁহার মনোনীত একজন প্রতিনিধি)। ... সদস্য

৩। মহা-হিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি। ... ঐ

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে :—

(ক) কমিটি ১৯৯২ ইং সালে গৃহীত দাখিল, আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার কাগজ পত্র/টেবুলেশন সীট বিশদভাবে পর্যালোচনা ও পরীক্ষা করিয়া উহার উপর সুপারিশমালা প্রণয়ন করিবেন।

(খ) কমিটি মাদ্রাসা শিক্ষা বোর্ডের গত ৭ বৎসরের আয়-ব্যয়ের হিসাব নিকাশ পরীক্ষা করিয়া যথাযথ সুপারিশ পেশ করিবেন।

(গ) কমিটি মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রশাসন ও বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কার্যক্রম সম্পর্কে সাক্ষ্য গ্রহণ করিয়া তাহাদের মধ্যে কাহারো কার্যকলাপ সম্পর্কে সন্দেহ হইলে সুপারিশ পেশ করিবেন।

(ঘ) কমিটি প্রাসংগিক অন্য যে কোন বিষয়ে পর্যালোচনা করিয়া সুপারিশ পেশ করিতে পারিবেন।

(ঙ) কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে তাহাদের সুপারিশমালা পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শফিউল আলম

সচিব।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ

### প্রজ্ঞাপন

তারিখ : ২৬শে অগ্রহায়ণ ১৩৯৯/১০ই ডিসেম্বর ১৯৯২

নং বিপ্রবি/শা-৩/বাকাকা(কাউন্সিল)/৯১/৬০২৮(১৫)—বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০ (১৯৯০ সনের ১ নং আইন) এর ৫ ধারার (৩) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে অত্র বিভাগের ১১-০২-৯২ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের "কাউন্সিল" এ শিল্প ব্যাংকের মনোনীত সদস্যের পরিবর্তে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব (ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব)-কে উক্ত "কাউন্সিল" এর সদস্য মনোনীত করা হইল।

২। তিনি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল আইন, ১৯৯০-এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী নিষ্পন্ন করিবেন।

৩। উক্ত মনোনয়ন জনস্বার্থে করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিতারা রওশন জামান

সহকারী সচিব।

---

## শিল্প মন্ত্রণালয়

### বিজ্ঞপ্তি

ঢাকা, ৯ই পৌষ ১৩৯৯/২০শে ডিসেম্বর ১৯৯২

নং শিম/স্বস-১০/এসএফ-৩/৯২/২১—বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) এর অধীনস্থ চিনিকলসমূহের উৎপাদিত চিটাগুড়ের ব্যবহার ও উন্নয়ন সম্পর্কিত সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে সরকার নিম্নরূপ একটি কমিটি গঠন করা হল :—

আহবায়ক

(১) জনাব এম, আনোয়ারুল হক, যুগ্ম-সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(২) ডাঃ জিয়াউদ্দিন আহমেদ, অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ), পশু সম্পদ অধিদপ্তর।

(৩) জনাব মিজানুর রহমান, উপ-সচিব, মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়।

সদস্য-সচিব

(৪) পরিচালক (মার্কেটিং), বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, ঢাকা।

২। উক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ :—

(ক) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অধীনস্থ চিনিকলসমূহের উৎপাদিত চিটাগুড়ের পরিমাণ নির্ণয় এবং ব্যবহার ও উন্নয়ন সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

(খ) পশু খাদ্য ও অন্যান্য ব্যবহারে অভ্যন্তরীণ চাহিদা হিসাবে চিটাগুড়ের পরিমাণ নির্ধারণ এবং অভ্যন্তরীণ চাহিদা বাদে রপ্তানীর পরিমাণ নিরূপণ।

(গ) সংশ্লিষ্ট বিবিধ বিষয়।

৩। কমিটি ২ মাসের মধ্যে সচিব, শিল্প মন্ত্রণালয়ের নিকট প্রতিবেদন দাখিল করবেন।

মোঃ হাফিজুর রহমান

উপ-সচিব।